যুগান্তর

MAY 4 2002

তারিখ ...

পৃষ্ঠা 9 কলাম 6

# এক কলেজের অনেক নাম

সরকারি জগন্নাথ কলেজ বাংলাদেশের একটি অন্যতম প্রধান কলেজ। এ কলেজটিকে বিশ্ববিদ্যালয় করার জোর চেষ্টা চললেও আজ পর্যন্ত তা সম্ভব হয়নি। কিন্তু জগন্নাথ কলেজের চারপাশে ঘুরলে কলেজটির বিভিন্ন নাম লক্ষ্য করা যায়। কোথাও লেখা রয়েছে 'জগন্নাথ বিশ্ববিদ্যালয়' আবার কোথাও 'জগন্নাথ কলেজ' বা 'জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজ' কিংবা 'সরকারি জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজ'। এসব নামের আড়ালে কলেজটির প্রকৃত নামটি খুঁজে বের করা কষ্টসাধ্য হয়ে পড়ে। জগন্নাথ কলেজ বাংলাদেশের অন্যান্য কলেজের মতো জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত একটি কলেজ। তাই একে কোন অবস্থাতেই 'জগন্নাথ বিশ্ববিদ্যালয়' বলা গ্রহণযোগ্য নয়।




পরিশেষে ওই কলেজের ছাত্রছাত্রী ও শিক্ষকবৃন্দসহ সংশ্লিষ্ট সবার কাছে অনুরোধ, যে কোন ক্ষেত্রেই হোক না কেন আপনারা কলেজটির প্রকৃত নামটি ব্যবহার করুন।

মোঃ লুৎফুর রহমান
ধন্যাপুর, বেগমগঞ্জ, নোয়াখালী